**SET – 4**

**Series : GBM/1**

**Code No. 5/1**

**Roll No.** | | | | | | | |

Candidates must write the Code on the title page of the answer-book.

- Please check that this question paper contains **8** printed pages.
- Code number given on the right hand side of the question paper should be written on the title page of the answer-book by the candidate.
- Please check that this question paper contains **16** questions.
- **Please write down the Serial Number of the question before attempting it.**
- 15 Minute time has been allotted to read this question paper. The question paper will be distributed at 10.15 a.m. From 10.15 a.m. to 10.30 a.m., the students will read the question paper only and will not write any answer on the answer-book during this period.

# বাংলা
# BENGALI

সময় : 3 ঘন্টা
*Time allowed : 3 Hours*

সর্বমোট অঙ্ক : *85*
*Maximum Marks : 85*

## SECTION – A (READING)

1. নিচের অনুচ্ছেদটি পড়ে প্রদত্ত প্রশ্নগুলির উত্তর দাও : **1 + 1 + 1 + 1 + 1 = 5**

‘সংস্কৃতি’ কথাটা নিয়ে আমরা অনেক সময়ে একটু আলগাভাবে ভাবতে অভ্যস্ত । অনেক সময়েই আমরা এমন মনে করি যে নাচ গান নাটক চলচ্চিত্র সাহিত্য ইত্যাদির চর্চা মানে সংস্কৃতির চর্চা । যাঁরা এ সব কাজ কর্মের সঙ্গে জড়িত তাঁরাই সংস্কৃতিকর্মী । অন্যরা, যাঁরা এ সবের সঙ্গে অন্তত সরাসরি জড়িত নন তাঁরা সংস্কৃতি চর্চার বাইরের লোক, তাঁরা সংস্কৃতিকর্মী নন । যিনি নাচেন, যিনি গান করেন, যিনি নাটক করেন তিনি নিশ্চয়ই সংস্কৃতিকর্মী । নাচ, গান, নাটক, সাহিত্য, চিত্রশিল্প ইত্যাদি যাঁরা তৈরি করেন, তারা আর পাঁচজন যেমন নানা জিনিস তৈরি করেন তেমনি কিছু একটা তৈরি করছেন । এটাই তাঁদের বৃত্তি, জীবিকা । পণ্যোৎপাদনের সমাজে তাঁদের তৈরি করা জিনিস-ও এক একটি পণ্য । সংস্কৃতিকর্মী নামে যাঁরা চিহ্নিত তাঁরাও অন্যদের মতোই পণ্যোৎপাদনের জালে জড়িত । আর এ বড়ো সুখের কথা নয় । এর সঙ্গে অনেক সমস্যা জট পাকিয়ে আছে ।

(a) ‘সংস্কৃতি’ কথাটা নিয়ে আমরা কীভাবে ভাবতে অভ্যস্ত ?

(b) কে বা কারা সংস্কৃতিকর্মী বলে আমাদের মনে হয় ?

(c) কে বা কারা সংস্কৃতিকর্মী নন বলে আমরা মনে করি ?

(d) কোনটা সুখের কথা নয় ?

(e) ‘পণ্যোৎপাদন’ শব্দটির সন্ধিবিচ্ছেদ কর ।

2. নিচের অনুচ্ছেদটি পড়ে প্রদত্ত প্রশ্নগুলির উত্তর দাও : **1 + 1 + 1 + 1 + 1 = 5**

গল্পটা স্ত্রীশক্তি নিয়ে, তবে বলেছিলেন একজন পুরুষ । অদ্ভুত অদ্ভুত সব গল্প জানা ছিল তাঁর । তিনি লোকটি ছিলেন অনেকটা সেই সূরজ কা সাঁতোয়া ঘোড়া-র মানিক মুল্লার মতো । তবে তাঁর নিজের জীবনের অভিজ্ঞতার কথা আমরা কখনো তাঁর মুখে শুনিনি । তিনি বলতেন, গল্প নাকি তিনি জোগাড় করেন – হাটবাজার, চায়ের দোকান, ফুটপাথের কোনা, আস্তাকুঁড় এইসব জায়গা থেকে কুড়িয়ে-কুড়িয়ে নানারকম গল্প জমা হয়েছিল তাঁর সংগ্রহে । তিনি যখন গল্প শোনাতে বসতেন, তাঁর পাশে রাখা থাকত মস্ত এক চটের ঝোলা । গল্পের মাঝে মাঝে সেটা দেখিয়ে তিনি বলতেন, এই অংশটা পেয়েছি একটা ঠোঙা থেকে, ওটা পেয়েছি একটা রাক্ষসের গল্পের ছেঁড়া পাতা থেকে, এইসব । আমরা জানতাম, এগুলো সবই বানানো কথা । তবে কিনা গল্প জিনিসটাই তো বানানো, তাই তাঁর ওই মিথ্যে ভণিতা নিয়ে আমরা ততটা মাথা ঘামাতুম না । গল্পই টেনে আনতো আমাদের তাঁর ঘরে, আর গল্পের আঠাতেই সেঁটে যেত আমাদের ডানা ।

(a) গল্প-কথক গল্পটা কী বিষয় নিয়ে বলতে যাচ্ছিলেন ?

(b) তিনি কোথা থেকে গল্প জোগাড় করতেন ?

(c) গল্প-কথক যখন গল্প শোনাতেন, তাঁর পাশে তখন কী রাখা থাকত ?

(d) গল্প জিনিসটা কী ?

(e) ‘হাটবাজার’ শব্দটির ব্যাসবাক্য কী হবে ?

## SECTION – B (GRAMMAR)

3. নীচের ধ্বনিতত্ত্বের সূত্রগুলির যে কোন একটির দু’টি উদাহরণসহ সংজ্ঞা লেখ : **2 + 3 = 5**

(a) অভিশ্রুতি

(b) স্বরসঙ্গতি

(c) অপিনিহিতি

4. যে কোন একটি অলঙ্কারের উদাহরণ সহ সংজ্ঞা লেখ : **2 + 3 = 5**

(a) অনুপ্রাস

(b) শ্লেষ

(c) যমক

**অথবা**

অলংকার নির্ণয় করো এবং সংজ্ঞা লেখ : (যে কোন **একটি**)

(a) কুকথায় পঞ্চমুখ কণ্ঠভরা বিষ

(b) গগনে গরজে মেঘ ঘন বরষা

(c) পূর্ণিমা চাঁদ যেন ঝলসানো রুটি

5. যে কোনো চারটি বাগ্ধারা/প্রবাদের অর্থ লেখ ও একটি করে বাক্য রচনা কর : **2 × 4 = 8**

বকধার্মিক, বেনাবনে মুক্তো ছড়ানো, উড়ে এসে জুড়ে বসা, কূপমণ্ডুক, ধরি মাছ না ছুঁই পানি, স্যাকরার ঠুকঠাক, কামারের এক ঘা, তালকানা, হাটে হাঁড়ি ভাঙা

## SECTION – C (Composition & Writing)

6. নিচে সংবাদপত্রের একটি প্রতিবেদন দেওয়া হ'ল । এটি পড়ে প্রদত্ত প্রশ্নগুলির উত্তর দাও :

**2 + 2 + 2 = 6**

স্কুল থেকে বাড়ি ফিরছিল অনীশা । সামনে তার উচ্চ মাধ্যমিক পরীক্ষা । আজ স্কুলে বিদায়ী ছাত্রদের সংবর্ধনা হওয়ার পর সে বাড়ি ফিরছে । বাস থেকে নেমে রাস্তা পেরিয়ে সে তাদের গলিতে ঢুকতে গিয়ে দেখে বড় রাস্তার উপরে পাশের বাড়ির বৃদ্ধা ঠাকুমা সাইকেলে ধাক্কা খেয়ে পড়ে আছেন, জিনিসপত্র রাস্তায় ছড়িয়ে আছে । অনেকেই ঘটনাটা পাশ কাটিয়ে যাচ্ছিল । অনীশা দৌড়ে গিয়ে ঠাকুমাকে তুলল, তাঁর জামাকাপড় ঠিকঠাক করে দিল, নিজের জলের বোতল থেকে তাঁকে জল খেতে দিল । অনীশার দেখাদেখি আরো দু'একজন পথচারী-ও এগিয়ে এলেন, অনীশা তাঁদের একজনকে অনুরোধ করল ঠাকুমার একজন প্রতিবেশীকে ফোন করার জন্য । কারণ ঠাকুমার ছেলেমেয়েরা সকলেই বাইরে থাকে, তিনি একলা থাকেন । অনীশাদের বাড়িতে-ও কেউ নেই কারণ অনীশার মা-বাবা চাকরি করেন । ততক্ষণে বৃদ্ধা ঠাকুমাকে ধরাধরি করে রাস্তার একপাশে আনা হয়েছে । বেশ ঘাবড়ে আছেন তিনি । কিন্তু কীভাবে তাঁকে বাড়িতে পৌঁছানো যায় ? একলা অনীশাই বাড়ি চেনে । বেশ খানিকক্ষণ অপেক্ষার পর কেউ যখন এলোনা তখন একজন রিক্সাওয়ালা এগিয়ে গেল ভীড়ের মাঝখানে, বলল, 'আপনারা কেউ সঙ্গে চলুন, আমি বুড়িমাকে বাড়ি পৌঁছে দেব । জানি এখন ভাঙতি টাকার সমস্যা চলছে । সকাল থেকে চল্লিশ টাকাই মাত্র কামাতে পেরেছি । কেউ রিক্সা চড়ছে না ভাঙতি টাকার অভাবে । আমি কোন টাকা চাই না ।' অনীশা রিক্সা চড়ে ঠাকুমাকে বাড়ি পৌঁছে দিল ।

এরপরেও কেউ বলবেন আমাদের পরবর্তী প্রজন্ম বা আমাদের দেশের খেটে খাওয়া মানুষ দায়িত্ববান নয় ?

(a) উপরের প্রতিবেদনটির একটি উপযুক্ত শিরোনাম দাও ।

(b) দু'টি বাক্যে মূল বিষয়টির উপর আলোকপাত কর ।

(c) রিক্সাওয়ালাটি কী বলেছিল ?

7. তোমাদের সদ্য শেষ হওয়া বনভোজন কেমন হয়েছিল তা জানিয়ে দূরের বন্ধুকে একটি চিঠি লেখ । **3 + 3 = 6**

**অথবা**

তোমার বাবার শারীরিক কুশল-সংবাদ জানতে চেয়ে বাবাকে একটি চিঠি লেখ ।

## SECTION – D (Literature)

8. ‘নিখিল শোনে আর তার মুখ কালি হয়ে যায়’ – **1 + 1 + 3 = 5**

(a) উদ্ধৃত অংশটি কার লেখা, কোন গল্পের অংশ ?

(b) নিখিল কে ?

(c) কি জন্য এই মন্তব্য করা হয়েছে ?

**অথবা**

‘ডাক্তাররা বলে দিয়েছে বলেই তো আজ এই যজ্ঞি-হোম হচ্ছে’ –

(a) কার লেখা ? কোন গল্পের অংশ ?

(b) কার সম্পর্কে ডাক্তাররা ‘বলে দিয়েছে’ ?

(c) কীভাবে এই যজ্ঞি-হোমের আয়োজন করা হয়েছে ?

**9.** সঠিক উত্তরটি নির্বাচন করো : (MCQ) (**পাঁচটি**) **1 × 5 = 5**

(a) উচ্ছবের বাবার নাম কী ?

(i) মহেশ

(ii) সাধন

(iii) হরিচরণ

(b) বুড়ি ছিল

(i) মোটাসোটা

(ii) কুঁজো

(iii) রোগা

(c) এ বাড়ির ছেলেরা ঘুম থেকে উঠত

(i) ভোরবেলা

(ii) সন্ধ্যাবেলা

(iii) বেলা এগারোটার পর

(d) সেজন্য তাদের পক্ষে সম্ভব হয়নি

(i) পড়াশোনা

(ii) চাকরি

(iii) মোসাহেবি

(e) 'গাঁ থেকে এইছি । খেতে পাইনে বাবা' – বলেছিল

(i) নিখিল

(ii) টুনুর মা

(iii) মৃত্যুঞ্জয়

(f) থুখুরে বুড়ির গায়ে জড়ানো ছিল

(i) পরিষ্কার তুলোর কম্বল

(ii) পশমী চাদর

(iii) চিটচিটে তুলোর কম্বল

(g) বুড়ি ছিল খুব

(i) নরম স্বভাবের

(ii) মেজাজী

(iii) ভীতু

(h) মৃত্যুঞ্জয় অফিসে পৌঁছেই বমি করল । কারণ –

(i) তার জ্বর এসেছিল

(ii) সে রাস্তায় গাড়ি দুর্ঘটনা দেখেছিল

(iii) অনাহারে মৃত্যু দেখেছিল

10. সপ্রসঙ্গ ব্যাখ্যা লেখ **5**

সত্য যে কঠিন / কঠিনেরে ভালোবাসিলাম

**অথবা**

শহরের অসুখ হাঁ করে কেবল সবুজ খায় / সবুজের অনটন ঘটে ।

11. যে মেয়ে নিখোঁজ ছিন্নভিন্ন / জঙ্গলে তাকে পেয়ে.... **1 + 1 + 3 = 5**

(a) কার লেখা, কোন কবিতার অংশ ?

(b) 'ছিন্নভিন্ন' শব্দটির অর্থ কী ?

(c) মেয়েটির জঙ্গলে ছিন্নভিন্ন হবার সম্ভাব্য কী কারণ হতে পারে ?

**অথবা**

‘আরোগ্যের জন্যে ঐ সবুজের ভীষণ দরকার’

(a) কার লেখা, কোন কবিতার অংশ ?

(b) ‘আরোগ্য’ শব্দটির অর্থ লেখ ।

(c) সবুজের ‘ভীষণ দরকার’ কেন লেখ ।

12. পাবলিক তো আপনাকে ভালোবাসে চাটুজ্জেমশাই **2 + 3 = 5**

(a) কে, কার উদ্দেশ্যে এই উক্তিটি করেন ?

(b) শ্রোতা ব্যক্তিটি জবাবে কী বলেছিলেন ?

**অথবা**

“শিল্পকে যে ভালোবেসেছে – তার বার্ধক্য নেই”

(a) কে, কার উদ্দেশ্যে এই উক্তিটি করেন ?

(b) উক্তিটির তাৎপর্য লেখ ।

13. সঠিক উত্তরটি নির্বাচন কর । (MCQ) (যে কোন **পাঁচটি**) **1 × 5 = 5**

(a) “পিতা আমায় ডেকেছিলেন ?” সংলাপটি কোন্ নাটকের ?

(i) সাজাহান

(ii) মেবারপতন

(iii) নূরজাহান

(b) রজনীকান্তের পরনে যে পোশাক তা –

(i) দিলদারের

(ii) শাজাহানের

(iii) ঔরঙ্গজেবের

(c) “পুরোনো দিনের কথা ভুলে যান চাটুজ্জেমশাই” – এই উক্তিটি করেছিল –

(i) রামব্রীজ

(ii) কালীনাথ

(iii) রজনীকান্ত

(d) “A horse ! A horse ! My kingdom for a horse !” সংলাপটি কোন নাটকের ?

(i) ম্যাকবেথ

(ii) ওথেলো

(iii) রিচার্ড দ্য থার্ড

(e) প্রম্পটারের নাম ছিল –

(i) রামব্রীজ

(ii) কালীনাথ

(iii) উমানাথ

(f) রজনীকান্তের মতে অভিনেতা আসলে কী ?

(i) অস্পৃশ্য ভাঁড়

(ii) শিল্পী

(iii) বুদ্ধিমান

(g) অভিনেতা রজনীকান্তের প্রেমিকা তাকে বলেছিল –

(i) থিয়েটার ছেড়ে দিতে

(ii) আরো মন দিয়ে অভিনয় করতে

(iii) পালিয়ে গিয়ে বিয়ে করতে ।

(h) অভিনেতা রজনীকান্তের বয়স ছিল

(i) ৪০

(ii) ৫০

(iii) ৬৮

14. জয়তোরণে ঠাসা মহনীয় রোম **2 + 3 = 5**

বানাল কে ? কাদের জয় করল সীজার ?

(a) কার লেখা, কোন্ কবিতার অংশ ?

(b) কবি কেন এই প্রশ্ন তুলেছেন ?

**অথবা**

"ক্রন্দনরতা জননীর পাশে এখনও যদি না থাকি..."

(a) কার লেখা, কোন্ কবিতার অংশ ?

(b) অংশটির তাৎপর্য লেখ ।

15. এদিকে আর এক রকমের প্রথা আছে - নানকার প্রথা **1 + 4 = 5**

(a) 'নানকার' প্রথা কোথায় আছে বলে লেখক বলেছেন ?

(b) এই প্রথার বৈশিষ্ট্য কী ?

**অথবা**

'সেই দুটি জ্বলন্ত চোখ শান্তি চায়' –

(a) কোন দু'টি চোখের কথা লেখক বলছেন ?

(b) সেই দু'টি চোখের কী বর্ণনা লেখক দিয়েছেন ?

16. সঠিক উত্তরটি নির্বাচন কর (MCQ) (যে কোন **পাঁচটি**) : $1 \times 5 = 5$

(a) জেলের সব কাজ করান হয় –

(i) সিপাহিদের দিয়ে

(ii) কয়েদিদের দিয়ে

(iii) পুলিশদের দিয়ে

(b) সুসং শহরের গা দিয়ে বয়ে গেছে কোন্ নদী ?

(i) ধলেশ্বরী

(ii) সোমেশ্বরী

(iii) মেঘনা

(c) কুটিশ্বর সাহা ছিল একজন

(i) মুদি

(ii) চাষী

(iii) মহাজন

(d) বড়োবাজারের বিলেতী কাপড়ের দোকানে চলছে

(i) পিকেটিং

(ii) মারামারি

(iii) দাঙ্গা

(e) এই আসমুদ্রহিমাচল আমার বাংলা – পর্বত যার –

(i) মুকুট

(ii) প্রহরী

(iii) মেখলা

(f) মাঠের মধ্যে ছোট্ট শহর হচ্ছে –

(i) শিলিগুড়ি

(ii) বক্সা

(iii) জলপাইগুড়ি

(g) বাঙাল মানে

(i) বাঙালী

(ii) চাষাভুষো

(iii) সংস্কৃতিহীন